

রাজশাহী বিশ্ববিদ্যালয়

জনসংযোগ দপ্তর

বিজ্ঞপ্তি

স্মারক নং: ৪৮০/জস

২৬ জুলাই ২০২৩


রাজশাহী বিশ্ববিদ্যালয়ে ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ক্ষুদ্র নৃগোষ্ঠী কোটায় ১ম বর্ষ স্নাতক (সম্মান) ও স্নাতক শ্রেণিতে ভর্তি পরীক্ষায় পাস নম্বরপ্রাপ্ত শিক্ষার্থীদের নির্বাচনী সাক্ষাৎকার নিম্নলিখিত তারিখ ও সময় অনুযায়ী ডীনস্ কমপ্লেক্সে লাউঞ্জে অনুষ্ঠিত হবে:

তারিখ	সময়	ইউনিট
১৭.০৮.২০২৩ বৃহস্পতিবার	সকাল ৯টা থেকে বিকাল ৩টা পর্যন্ত	A, B, C

উল্লিখিত কোটায় সাক্ষাৎকারের জন্য প্রাথমিকভাবে নির্বাচিত ভর্তিচ্ছু শিক্ষার্থীদের নিচে উল্লিখিত কাগজপত্র সঙ্গে নিয়ে আসতে হবে: ক) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষার মূল সনদপত্র অথবা নম্বরপত্রসহ মূল রেজিস্ট্রেশন কার্ড; খ) পরিদর্শক কর্তৃক স্বাক্ষরকৃত ভর্তি পরীক্ষার প্রবেশপত্র; এবং গ) ক্ষুদ্র নৃগোষ্ঠী হিসেবে গোত্র প্রধানের দেয়া প্রত্যয়নপত্র/প্রমাণপত্রসহ জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসারের প্রত্যয়নপত্র/প্রমাণপত্র।

সাক্ষাৎকারের জন্য আগত শিক্ষার্থীকে পূরণকৃত বিষয় নির্বাচন (Subject Choice) ফরমের একটি প্রিন্ট-আউটসহ উপরিউক্ত প্রতিটি কাগজের মূল কপি ও এক সেট ফটোকপি অবশ্যই সাথে আনতে হবে।

প্রাথমিকভাবে নির্বাচিত কোনো শিক্ষার্থীর নাম একাধিক ইউনিটে থাকলেও সাক্ষাৎকারে কেবল একবার অংশগ্রহণ করতে হবে। তিনটি পৃথক বোর্ডে এ্যাপ্লিকেন্ট আইডি/রোল নম্বরের ক্রমানুসারে সাক্ষাৎকার নেয়া হবে। সাক্ষাৎকারের জন্য প্রাথমিকভাবে নির্বাচিত শিক্ষার্থীদের তালিকা রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.admission.ru.ac.bd -এ পাওয়া যাবে। তালিকায় তথ্যগত কোনো ত্রুটি থাকলে তা সংশোধনযোগ্য।



প্রফেসর প্রদীপ কুমার পাণ্ডে

সদস্য-সচিব

২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ক্ষুদ্র নৃগোষ্ঠী শিক্ষার্থী নির্বাচন কমিটি ও
প্রশাসক, জনসংযোগ দপ্তর